

এসএমই খাতে খণ্ড বাড়ছে

সমকাল প্রতিবেদক

নতুন বছরের শুরুতে দেশের ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতে (এসএমই)

খণ্ডপ্রবাহ বাড়ছে। বছরের শুরুতে সাধারণত অর্থনৈতিক নীতি পরিবর্তনের আশঙ্কায় ব্যবসায়ীরা সতর্কতার সঙ্গে ব্যবসা পরিচালনা করেন। কিন্তু এ বছর এসএমই ব্যবসায় খণ্ডের চাহিদা অনেক বেশি। তারল্য সংকট ও অন্য অর্থনৈতিক সমস্যা সত্ত্বেও দেশের সবচেয়ে বড়

এসএমই ব্যাংক বেসরকারি ব্র্যাক ব্যাংক জানুয়ারি মাসে এ খাতে ৩৪৩ কোটি টাকা বিতরণ করেছে যা গত বছরের একই সময়ের তুলনায় অনেক বেশি। বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান সম্প্রতি বলেছেন,

গত বছরের ব্যাংকিং খাতের মোট খণ্ডের ২০ শতাংশ প্রবাহিত হয়েছে

এসএমই খাতে। এ থেকে বোঝা যায়, ক্ষুদ্র ব্যবসায়ীদের খণ্ড পাওয়া সহজতর হয়েছে। এসএমই খাত দেশের সবচেয়ে বড় কর্মসংস্থান সৃষ্টির উৎসে পরিণত হয়েছে। এসএমই খাত উন্নয়নে বাংলাদেশ ব্যাংক অনেক

পদক্ষেপ গ্রহণ করেছে। এসএমই খাত সম্প্রসারণে বাংলাদেশ ব্যাংক

পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করছে। এই খাত প্রসারে বাংলাদেশ ব্যাংক নীতিমালা প্রণয়ন করেছে। বাংলাদেশ ব্যাংকের তথ্য মতে, গত সেপ্টেম্বর

শেষে এসএমই খাতে মোট খণ্ড স্থিতির পরিমাণ ৭৮ হাজার ৩৮০ কোটি

টাকা যা আগের

বছরের একই সময়ের

তুলনায় ২৯ শতাংশ

বেশি। এক বছরে এ

খাতে খণ্ড বেড়েছে ১৭

হাজার ৬৪৫ কোটি

টাকা। বেসরকারি

ব্যাংকগুলোতে

এসএমই খণ্ড বেড়েছে

৪২ শতাংশ। সরকারি

ব্যাংকের ২৮ শতাংশ

খণ্ড এ খাতের।

ব্র্যাক ব্যাংকের

ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা সৈয়দ মাহবুবুর রহমান বলেন, ‘এসএমই ব্যাংক হিসেবে গ্রামাঞ্চলে ব্যাংকিং সুবিধার বাইরে থাকা ক্ষুদ্র উদ্যোক্তাদের নিকট ব্যাংকিং সেবা পৌছে দেওয়ার জন্য ব্র্যাক ব্যাংক কাজ করে যাচ্ছে। গত বছর এসএমই খাতে খণ্ডপ্রবাহ ছিল লক্ষণীয়। এটি অর্থনীতিকে ঘুরে দাঁড়াতে সাহায্য করছে। এসএমই খণ্ডপ্রবাহ সম্প্রসারণে

আমরা এ বছর আরও গুরুত্ব দেব।’ তিনি বলেন, এসএমই খাতে

খণ্ডপ্রবাহ বৃদ্ধির ফলে অর্থনীতি দৃঢ়ভিত্তির ওপর দাঁড়াবে। শিল্পায়ন ও ব্যবসায়িক সম্প্রসারণের ফলে কর্মসংস্থান সৃষ্টি হচ্ছে এবং অর্থনীতি সংকট

কাটিয়ে উঠছে। তারল্য সংকটের এ সময়েও ব্র্যাক ব্যাংক এসএমই

খণ্ডপ্রবাহ বাড়াচ্ছে। ব্র্যাক ব্যাংকের মোট পোর্টফোলিওর ৫০ শতাংশই

এসএমই খণ্ড। গত বছরের অঙ্গীকৃত ব্র্যাক ব্যাংক ৪৬৩ কোটি টাকা

এসএমই খণ্ড বিতরণ করেছিল, যা একক মাসে খণ্ড বিতরণের সর্বোচ্চ রেকর্ড। এর ফলে ব্যাংকটির এসএমই নিট সম্পদের প্রবৃদ্ধি হয় ২১২ কোটি

টাকা, যা বাংলাদেশের ব্যাংকিং ইতিহাসে অনন্য রেকর্ড। এখন ব্র্যাক ব্যাংকের মোট এসএমই খণ্ড পোর্টফোলিওর পরিমাণ ৪ হাজার ৪৩১ কোটি

টাকা। ব্র্যাক ব্যাংক এ পর্যন্ত ৩ লাখ ৭৬ হাজার ৩৫০ জন ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তার মধ্যে ১৮ হাজার ২৬৭ কোটি টাকা খণ্ড বিতরণ করেছে। এর

ফলে ১২ লাখ লোকের কর্মসংস্থান সৃষ্টি হয়েছে।



ব্র্যাক ব্যাংকের
অর্ধেক খণ্ডই
এসএমই
খাতে
সৈয়দ মাহবুবুর রহমান